



# বিএএফ শাহীন কলেজ বগুড়া, বারপুর, বগুড়া

টেলিফোন-০৫১৬৫৫৬০ মোবাইল-০১৭৬৯৪০৫৫৯২, ০১৩১৩৭২১২১৮

ওয়েবসাইট: www.bafsb.edu.bd

ই-মেইল:bafshaheenbogura@gmail.com

## নিয়োগ বিজ্ঞপ্তি

EIIN-139080

বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক পরিচালিত বিএএফ শাহীন কলেজ বগুড়া-এর জন্য প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নবর্ণিত পদসমূহের বিপরীতে শিক্ষক-কর্মচারী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা
১।	প্রভাষক (গ্রেড-৯) (বাংলা, ইংরেজি, গণিত, আইসিটি, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা এবং প্রাণিবিদ্যা বিষয়ে একজন করে)	০৮	সরকারি বিধি মোতাবেক
২।	প্রদর্শক (গ্রেড-১০) (পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, আইসিটি এবং উদ্ভিদ/প্রাণিবিদ্যা বিষয়ে একজন করে)	০৪	সরকারি বিধি মোতাবেক
৩।	হিসাবরক্ষক (গ্রেড-১২)	০১	কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি
৪।	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬)	০২	সরকারি বিধি মোতাবেক
৫।	টেকনিশিয়ান (গ্রেড-১৬)	০১	জেএসসি/জেডিসি/সমমান। কারিগরী বিষয়ে ছয়মাস বা ততোধিক মেয়াদের ট্রেড কোর্স/সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ
৬।	ফটোকপি অপারেটর (গ্রেড-১৮)	০১	এসএসসি/সমমান।
৭।	নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০)	০২	সরকারি বিধি মোতাবেক

(সকল পদের জন্য সমগ্র শিক্ষাজীবনে ১টি ওয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে। প্রশিক্ষণপ্রাপ্ত ও নিবন্ধনকৃত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)

১। বেতন ও অন্যান্য সুবিধা। জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী সংশ্লিষ্ট পদের জন্য প্রারম্ভিক ধাপের সমপরিমাণ অর্থ মাসিক থোক বেতন হিসেবে প্রদান করা হবে। তাছাড়া প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী উৎসব ভাতা ও নববর্ষ ভাতা প্রদান করা হবে। উল্লেখ্য, ভবিষ্যতে চাকুরি স্থায়ীকরণ সাপেক্ষে প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী বাড়িভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা, নববর্ষ ভাতা, প্রভিডেন্ট ফান্ড এবং গ্র্যাচুইটি সুবিধা প্রদানের সম্ভাবনা আছে। কলেজ ক্যাম্পাসে প্রাপ্যতা সাপেক্ষে পারিবারিক বাসস্থানের সুযোগ থাকবে।

২। আগ্রহী প্রার্থীদের কলেজের অধ্যক্ষ বরাবর লিখিত আবেদন পত্র; নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে), উল্লেখপূর্বক জীবন বৃত্তান্ত ও তৎসমর্থনে প্রাসঙ্গিক সকল কাগজপত্র ১৩ আগস্ট ২০২০ তারিখের মধ্যে অধ্যক্ষ বিএএফ শাহীন কলেজ বগুড়া, বারপুর বগুড়া বরাবর রেজিস্টার্ড ডাক/কুরিয়ার সার্ভিস বা অফিস চলাকালে সরাসরি কলেজ অফিসে পৌঁছাতে হবে।

৩। আবেদনপত্রের সাথে ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে। অভিজ্ঞতা সনদপত্রের কপিও (যদি থাকে) জমা দিতে হবে।

৪। আবেদনপত্রের খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। আবেদনকারীর সঙ্গে যোগাযোগের জন্য তার বর্তমান ঠিকানা লিখিত (মোবাইল নম্বরসহ) ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকিট সম্বলিত ১০"×৪.৫" মাপের একটি খাম আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৫। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। আবেদনপত্রের সঙ্গে “বিএএফ শাহীন কলেজ বগুড়া”, সোনালী ব্যাংক বগুড়া বাজার শাখা, বগুড়া এর অনুকূলে তফশিলী ব্যাংকের যেকোন শাখা হতে ক্রয়কৃত ১ নং পদের জন্য ৬০০.০০ (ছয়শত), ২ নং পদের জন্য ৫০০.০০ (পাঁচশত), ৩ নং পদের জন্য ৪০০.০০ (চারশত), ৪-৬ নং পদের জন্য ৩০০.০০ (তিনশত) এবং ৭ নং পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকার অফেরতযোগ্য MICR পে অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

৭। দাখিলকৃত আবেদনপত্রসমূহ বাছাইয়ের পর শুধুমাত্র যথাযথ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদেরকে কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। লিখিত পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে জানানো হবে। বর্ণিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্দিষ্ট সময়ের পর সরাসরি/ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। পরীক্ষার সময় প্রার্থীদেরকে সকল সনদপত্রের মূল কপি অবশ্যই উপস্থাপন করতে হবে।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল অথবা যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অধ্যক্ষ

বিএএফ শাহীন কলেজ বগুড়া